

জাবির ভর্তি পরীক্ষা শুরু ২১ ডিসেম্বর

জাবি প্রতিনিধি

১২ নভেম্বর ২০২৫, ০৯:২২ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ২১ ডিসেম্বর। বুধবার (১২ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এবিএম আজিজুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

আজিজুর রহমান বলেন, ‘আমরা ডিসেম্বরের ২১ তারিখ পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত নিয়েছি। তবে কোন ইউনিটের ভর্তি পরীক্ষা কবে হবে—এ বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। ভর্তিচ্ছুদের সংখ্যা ও অন্য বিশ্ববিদ্যালয়ের পরিষ্কার তারিখের সাথে সমন্বয় করে আমরা ইউনিটভিত্তিক তারিখ নির্ধারণ করব।’

তিনি আরও বলেন, ভর্তি পরীক্ষার সময়সূচি ও ইউনিটভিত্তিক বিস্তারিত তথ্য শিগগিরই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও গণমাধ্যমের মাধ্যমে প্রকাশ করা হবে। ভর্তি প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন ইতোমধ্যে প্রস্তুতি গ্রহণ শুরু করেছে।

প্রসঙ্গত, এবারের ভর্তি পরীক্ষা ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে একাধিক কেন্দ্রে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে কেন্দ্র ও আসনসংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরিচালনা কমিটি পরবর্তীতে জানাবে।